গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১৭ ফেব্রুয়ারি ২০১৫, ৫ ফাল্গুন ১৪২১**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দ্রুততম সময়ে ডিসিসি নির্বাচন করতে প্রধানমন্ত্রীর নির্দেশ
২। মাঠ পর্যায়ে সংস্থা প্রধান বা বিভাগীয় প্রধান কর্মকর্তাদের প্রকল্প ব্যয়ের ক্ষমতা বাড়ছে
৩। সার্টিফিকেট মামলায় কৃষককে হয়রানি নয় : বাংলাদেশের ব্যাংকের নির্দেশ
৪। যাবজ্জীবন কারাদণ্ডের বিধান রেখে জাতীয় সংসদে ফরমালিন নিয়ন্ত্রণ বিল পাস
৫। টেলিফোন ব্যবস্থা আরও আধুনিক ও শক্তিশালী করছে সরকার
৬। রপ্তানি বাড়াতে নতুন পাঁচ বাণিজ্যিক উইং হচ্ছে
৭। ইউরোপীয় পার্লামেন্টের প্রতিনিধি দল ঢাকায়
৮। এটিএম বুথে সার্ভিস চার্জ প্রদর্শনের নির্দেশ : কেন্দ্রীয় ব্যাংকের প্রজ্ঞাপন জারি
৯। দারিদ্র্যসীমা থেকে বেরিয়ে এসেছে ১ কোটি ৮৮ লাখ লোক : অর্থ মন্ত্রণালয়ের প্রতিবেদন
১০। স্বর্ণ চোরাচালান রোধে টাস্কফোর্স গঠনের সিদ্ধান্ত : এনবিআরের সঙ্গে বিমানের বৈঠক
১১। মুন্সীগঞ্জে হাজার বছরের পুরনো বৌদ্ধ নগরীর সন্ধান

চলমান পাতা/২

১। দ্রুততম সময়ে ডিসিসি নির্বাচন করতে প্রধানমন্ত্রীর নির্দেশ

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন দ্রুত সম্পন্ন করতে চায় সরকার। প্রধানমন্ত্রী শেখ হাসিনা যথাসম্ভব স্বল্প সময়ের মধ্যে এ নির্বাচনের আয়োজন করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। গতকাল ১৬ ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অনির্ধারিত আলোচনায় তিনি এ নির্দেশ দেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.২), নিউ এজ (পৃ.১,ক.৪)। জনকণ্ঠ, সংবাদ, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। মাঠ পর্যায়ে সংস্থা প্রধান বা বিভাগীয় প্রধান কর্মকর্তাদের প্রকল্প ব্যয়ের ক্ষমতা বাড়ছে

মাঠ প্রশাসনের সংস্থার প্রধান বা বিভাগীয় প্রধান কর্মকর্তাদের প্রকল্প বাস্তবায়নে অর্থ ব্যয়ের ক্ষমতা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রিসভা। বছরে তাদের খরচের সীমা ১৪ কোটি থেকে বাড়িয়ে ৩০ কোটি টাকা করা হচ্ছে। গতকাল ১৬ ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অর্থ বিভাগের এ প্রস্তাব নীতিগতভাবে অনুমোদন পায়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের এ কথা জানান। সূত্র-সমকাল (পৃ.২,ক.২), প্রথম আলো (পৃ.১৭,ক.২), সংবাদ (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৪), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)।

৩। সার্টিফিকেট মামলায় কৃষককে হয়রানি নয় : বাংলাদেশের ব্যাংকের নির্দেশ

ঋণের মামলায় জড়িয়ে কৃষকদের হয়রানি না করার জন্য বাণিজ্যিক ব্যাংকগুলোকে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। একই সঙ্গে ৫-১০ হাজার টাকার জন্য সার্টিফিকেট মামলা না করে আলাপ-আলোচনা ও সচেতনতার মাধ্যমে ঋণ আদায়ের পরামর্শ দিয়েছে। প্রয়োজনে যথাযথ ছাড় দিয়ে মামলার বিকল্প বের করারও পরামর্শ দেওয়া হয়েছে। গতকাল ১৬ ফেব্রুয়ারি সোমবার এক সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় ব্যাংক এ সিদ্ধান্তের কথা জানিয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.২), যুগান্তর (পৃ.১,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.২ ), নিউজ টুডে (পৃ.৩,ক.৩)। ভোরের কাগজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। যাবজ্জীবন কারাদণ্ডের বিধান রেখে জাতীয় সংসদে ফরমালিন নিয়ন্ত্রণ বিল পাস

যাবজ্জীবন কারাদণ্ডের বিধান রেখে গতকাল ১৬ ফেব্রুয়ারি সোমবার সংসদে ফরমালিন নিয়ন্ত্রণ বিল, ২০১৫ পাস হয়েছে। বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বিলটি উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। বিলে বলা হয়েছে, লাইসেন্স ছাড়া ফরমালিন আমদানি, উৎপাদন, পরিবহণ, মজুত, বিক্রি ও ব্যবহার করা যাবে না। এ নিয়মের খেলাপিরা সর্বোচ্চ যাবজ্জীবন কারাদণ্ড ও ২০ লাখ টাকা জরিমানার দণ্ডে দণ্ডিত হবেন। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.১), সংবাদ (পৃ.১,ক.৩), সমকাল (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩)।

৫। টেলিফোন ব্যবস্থা আরও আধুনিক ও শক্তিশালী করছে সরকার

টেলিযোগাযোগ ব্যবস্থা আরও আধুনিকায়ন ও শক্তিশালী করার জন্য সরকার এবার নিজেই বিনিয়োগ করবে। বিনিয়োগের অর্থ যোগাতে সরকার চীন সরকারের কাছ থেকে প্রায় দেড় হাজার কোটি টাকা ঋণ নিতে যাচ্ছে। এই টাকায় এনজিএনভিত্তিক টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক স্থাপন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২)।

৬। রপ্তানি বাড়াতে নতুন পাঁচ বাণিজ্যিক উইং হচ্ছে

রপ্তানি বাড়াতে বিদেশে মিশনগুলোর বাণিজ্যিক কার্যক্রম আরও গতিশীল করতে জোরালো পদক্ষেপ নিচ্ছে সরকার। একই সঙ্গে নতুন ও সম্ভাবনাময় বাজার তৈরিতে আরও পাঁচটি বাণিজ্যিক উইং চালু করা হচ্ছে। চীনের কুনমিং, দক্ষিণ কোরিয়ার সিউল, দক্ষিণ আফ্রিকা, সিঙ্গাপুর ও তুরস্কের ইস্তাম্বুলে এসব বাণিজ্যিক শাখা (উইং) খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয় সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.৩)।

৭। ইউরোপীয় পার্লামেন্টের প্রতিনিধি দল ঢাকায়

ইউরোপীয় পার্লামেন্টের প্রতিনিধি দল গতকাল ১৬ ফেব্রুয়ারি সোমবার রাত ৯টায় ঢাকায় পৌঁছেছে। মানবাধিকার বিষয়ক ইউরোপীয় পার্লামেন্টের উপকমিটির চেয়ারম্যান অ্যালেনা ভ্যালেনসিয়ানোর নেতৃত্বে চার সদস্যের প্রতিনিধি দলটি আজ ১৭ ফেব্রুয়ারি মঙ্গলবার থেকেই কঠোর গোপনীয়তার মধ্যে তাদের পর্যবেক্ষণ কাজ শুরু করবে। সংশ্লিষ্ট সূত্র জানায়, দলটি মূলত বাংলাদেশের তৈরি পোশাক শিল্প শ্রমিক, শিশুশ্রম, নারী শ্রমিকদের পরিস্থিতি পর্যবেক্ষণ করবে। পাশাপাশি তারা চলমান রাজনৈতিক পরিস্থিতিও পর্যবেক্ষণ করবেন। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.২), যুগান্তর (পৃ.৩,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)।

৮। এটিএম বুথে সার্ভিস চার্জ প্রদর্শনের নির্দেশ : কেন্দ্রীয় ব্যাংকের প্রজ্ঞাপন জারি

অর্থ উত্তোলন, অনুসন্ধান এবং ক্ষুদে বিবরণী সংগ্রহের ক্ষেত্রে গ্রাহকের এটিএম বুথে ভিন্ন ব্যাংকের গ্রাহকের জন্য সার্ভিস চার্জ বা ফি দৃশ্যমান স্থানে প্রদর্শনের নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। গতকাল ১৬ ফেব্রুয়ারি সোমবার কেন্দ্রীয় ব্যাংকের পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্টের এ সার্কুলারটি সকল ব্যাংকে পাঠানো হয়। এতে বলা হয়, নিজ ব্যাংকের গ্রাহকরা টাকা পেলেও অন্য ব্যাংকের এটিএম কার্ডধারীরা বুথ থেকে অনেক সময় টাকা তুলতে পারেন না।

কিন্তু টাকা তুলতে না পারলেও প্রতি লেনদেনে ঠিকই সার্ভিস চার্জ কেটে রাখা হচ্ছে। তাছাড়া অর্থ উত্তোলন, অর্থ অনুসন্ধান এবং ক্ষুদ্রে বিবরণী সংগ্রহের ক্ষেত্রে যে ফি কেটে রাখা হচ্ছে তা জানতে পারেন না গ্রাহকরা। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.১)।

৯। দারিদ্র্যসীমা থেকে বেরিয়ে এসেছে ১ কোটি ৮৮ লাখ লোক : অর্থ মন্ত্রণালয়ের প্রতিবেদন

দেশের মোট জনসংখ্যার ২ কোটি লোক গত আট বছরে হতদরিদ্র সীমা থেকে বেরিয়ে এসেছে। আর দারিদ্র্যসীমা থেকে বেরিয়ে এসেছে এক কোটি ৮৮ লাখ লোক। একই সময়ে মাথাপিছু আয় বেড়েছে ৬৪৭ মার্কিন ডলার। সামষ্টিক অর্থনীতি ও আর্থ-সামাজিক অগ্রযাত্রা নিয়ে অর্থ মন্ত্রণালয়ের এক প্রতিবেদনে এ তথ্য উল্লেখ করা হয়েছে। ওই প্রতিবেদনে দেখানো হয় এ সময় জিডিপিও বেড়েছে দশমিক ৭৪ শতাংশ। সূত্র-যুগান্তর (পৃ.১৩,ক.৩)।

১০। স্বর্ণ চোরাচালান রোধে টাস্কফোর্স গঠনের সিদ্ধান্ত : এনবিআরের সঙ্গে বিমানের বৈঠক

স্বর্ণ চোরাচালান প্রতিরোধে একটি টাক্সফোর্স গঠনের সিদ্ধান্ত হয়েছে। এই টাস্কফোর্স কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। এতে কারা অবৈধভাবে স্বর্ণ আনছে, এর সঙ্গে কে জড়িত, হঠাৎ করে দেশের মধ্যে কেন চোরাচালান বেড়ে গেল-এসব বিষয়ে দিক নির্দেশনা থাকবে এবং সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানা গেছে। গতকাল ১৬ ফেব্রুয়ারি সোমবার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সঙ্গে বাংলাদেশ বিমানের এক বৈঠকে এ বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৯, ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.১)।

১১। মুন্সীগঞ্জে হাজার বছরের পুরনো বৌদ্ধ নগরীর সন্ধান

মুন্সীগঞ্জ জেলার টঙ্গীবাড়ি উপজেলার আব্দুল্লাপুর ইউনিয়নের নাটেশ্বর গ্রামে প্রত্নতাত্ত্বিক নিদর্শনসহ প্রায় এক হাজার বছরের প্রাচীন বৌদ্ধ নগরীর সন্ধান মিলেছে। চীন ও বাংলাদেশের যৌথ খনন কাজে মিলেছে এই প্রত্নতাত্ত্বিক সম্পদ। গতকাল ১৬ ফেব্রুয়ারি সোমবার খননস্থলে এক প্রেস ব্রিফিংয়ে বিক্রমপুর অঞ্চলে প্রত্নতাত্ত্বিক খনন ও গবেষণা প্রকল্পের পরিচালক নূহ-উল-আলম লেনিন এসব তথ্য জানান। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, যায়যায়দিন, নিউ এজ : ৪২ দিনের টানা অবরোধে ১৩ দফা নাশকতার শিকার হয়েছে ট্রেন এ খবরে উদ্বেগ প্রকাশ করে অবরোধের মতো আন্দোলন কর্মসূচি ও নাশকতার পথ ছেড়ে নিয়মতান্ত্রিক উপায়ে আন্দোলনের কৌশল নিতে বিরোধীপক্ষের প্রতি আহ্বান;

খ. ইত্তেফাক : দারিদ্র্যবিমোচনে আর্থিক সহায়তার সাথে সাথে মৌলিক চাহিদা মিটানো এবং কর্মসংস্থান সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ, ডেইলি সান : দেশের নারী ও শিশু মৃত্যুর হ্রাস আরও কমিয়ে আনতে হলে অপুষ্টির করাল গ্রাস থেকে মুক্ত করার জন্য সচেতনতা বাড়ানো জরুরি বলে মন্তব্য;

ঘ. সংবাদ, সমকাল, যায়যায়দিন : সরকার এবং জাতিসংঘের বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত একটি সমীক্ষা দলের প্রতিবেদনে শ্যালা নদীতে তেলবাহী জাহাজডুবির ঘটনায় সুন্দরবনের দীর্ঘমেয়াদি ক্ষতির আশংকা আমলে নিয়ে ক্ষতি মোকাবিলায় যে সুপারিশগুলো করা হয়েছে তা সঠিকভাবে বাস্তবায়নের প্রত্যাশা;

ঙ. ডেইলি স্টার : পার্বত্য চট্টগ্রামে নিরাপত্তার স্বার্থে বিদেশি পর্যটকদের ভ্রমণে নিষেধাজ্ঞার পাশাপাশি পার্বত্য চট্টগ্রামে প্রবেশ পথে আরো অধিক চেক-পোস্ট স্থাপনের সিদ্ধান্তের সমালোচনা;

চ. ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ভোরের কাগজ, যুগান্তর, যায়যায়দিন : অবরোধের নামে নাশকতা বন্ধে আদালতের নির্দেশ বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে সময়োপযোগী সিদ্ধান্ত বলে অভিমত;

ছ. নিউ এজ : পোলট্রি ফিডে ট্যানারির বর্জ্যে তৈরি হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে জনস্বার্থে প্রতিটি ট্যানারি কারখানার ইটিপি প্ল্যান্ট স্থাপন ও যথাযথ ব্যবহারের ওপর গুরুত্বারোপ;

জ. নিউ নেশন : স্থানীয় চা শিল্পকে রক্ষায় চা আমদানি শুল্ক বাড়াতে স্থানীয় চা উৎপাদনকারীদের দাবির প্রতি সরকারের যথাযথ হস্তক্ষেপ কামনা;

ঝ. নিউজ টুডে : ৪০ শতাংশ টিউবওয়েলের পানিতে ক্ষতিকর ব্যাকটেরিয়ার উপস্থিতির প্রেক্ষিতে সরকারকে নিরাপদ পানির নিশ্চয়তা বিধানে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে আন্দোলনের নামে যারা সন্ত্রাসের আশ্রয় নিয়েছে আইনের মাধ্যমে তাদের কঠোরভাবে দমন করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত 'ভাষা আন্দোলনের চেতনা কবে প্রতিষ্ঠিত হবে' শিরোনামের নিবন্ধে শরদিন্দু ভট্টাচার্য্য টুটুল ভাষা আন্দোলনের চেতনা তখনই প্রতিষ্ঠিত হবে যখন দেশের দরিদ্র জনগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠিত হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা